গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জনসংখ্যা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mefwd.gov.bd

নং-৫৯.০০.০০০০.১১৫.৯৯.০০৯.২১.৬২

তারিখ: ১৪ চৈত্র ১৪৩০ / ২৮ মার্চ ২০২৪

বিষয়: পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্ন স্বাক্ষরকারী কর্তৃক গত ১৮.০২.২০২৪ খ্রি. তারিখ জয়পুরহাট জেলার নিম্নলিখিত প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করেন:

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | তারিখ ও সময় |
|---|---|---|
| ০১ | মা ও শিশু কল্যাণ কেন্দ্র, সদর, জয়পুরহাট | ১৮.০২.২০২৪, সকাল ৯.৩০ টা |
| ০২ | ভাদসা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সদর, জয়পুরহাট | ১৮.০২.২০২৪, সকাল ১১.০০ টা |
| ০৩ | বিএভিএস ক্লিনিক,জয়পুরহাট | ১৮.০২.২০২৪, দুপুর ১২.০০ টা |
| ০৪ | মা ও শিশু কল্যাণ কেন্দ্র, রায়কালী, আক্কেলপুর, জয়পুরহাট | ১৮.০২.২০২৪, দুপুর ১.০০ টা |
| ০৫ | বাগজানা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, পাঁচবিবি, জয়পুরহাট | ১৮.০২.২০২৪, বেলা ৩.০০ টা |

০২। এমতাবস্থায়, উল্লিখিত প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন প্রতিবেদন সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৫ (পাঁচ) পাতা

২৮.০৩.২০২৪
(এ, বি, এম, নুরুল আলম)
সহকারী সচিব
ফোন:৫৫১০১১৬০
Emalil: population2@mefwd.gov.bd

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

নং-৫৯.০০.০০০০.১১৫.৯৯.০০৯.২১-৬২/১(৫)

তারিখ: ১৪ চৈত্র ১৪৩০ / ২৮ মার্চ ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা
২। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, প:ক: ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৩। প্রশাসক (যুগ্মসচিব), বিএভিএস, মিরপুর-২, ঢাকা
৪। উপপরিচালক (পরিবার পরিকল্পনা), জয়পুরহাট
৫। প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, (পরিদর্শন প্রতিবেদনগুলো ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২৮.০৩.২০২৪
(এ, বি, এম, নুরুল আলম)
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জনসংখ্যা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mefwd.gov.bd

বিষয়: মা ও শিশু কল্যাণ কেন্দ্র, সদর, জয়পুরহাট পরিদর্শন প্রতিবেদন

গত ১৮.০২.২০২৪ খ্রি: তারিখ সকাল ০৯.৩০ ঘটিকায় মা ও শিশু কল্যাণ কেন্দ্র, সদর, জয়পুরহাট পরিদর্শন করি। পরিদর্শনকালে জয়পুরহাট জেলার উপপরিচালক (পরিবার পরিকল্পনা), সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা) ও ডিস্ট্রিক্ট কনসালটেন্ট, সদর উপজেলার মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার (ক্লিনিক) উপস্থিত ছিলেন। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরুপ:

০১। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : মা ও শিশু কল্যাণ কেন্দ্র, সদর, জয়পুরহাট

০২। পরিদর্শনের তারিখ ও সময় : ১৮/০২/২০২৪, সকাল ৯.৩০ টা

০৩। পূর্ববতী সর্বশেষ পরিদর্শন প্রতিবেদন আলোকে গৃহীত কার্যক্রম : প্রযোজ্য নয়

০৪। প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা :

| ক্রম | পদের নাম | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | শূন্য পদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | মেডিকেল অফিসার (ক্লিনিক) | ০১ | ০১ | ০০ | |
| ০২ | মেডিকেল অফিসার (এ্যানেসথেসিয়া) | ০১ | ০১ | ০০ | |
| ০৩ | পরিবার কল্যাণ পরিদর্শকা | ০২ | ০২ | ০০ | |
| ০৪ | সহকারি নার্সিং এ্যাটেনডেন্ট | ০২ | ০২ | ০০ | |
| ০৫ | ফিমেল মেডিকেল এ্যাটেনডেন্ট | ০১ | ০১ | ০০ | |
| ০৬ | গাড়ি চালক | ০১ | ০১ | ০০ | |
| ০৭ | পিয়ন কাম-চৌকিদার | ০১ | ০১ | ০০ | |
| ০৮ | পরিচ্ছন্ন কর্মী | - | - | - | |
| ০৯ | আয়া/সুইপার | ০১ | ০১ | ০০ | |
| ১০ | ফিমেল নার্সিং এ্যাটেনডেন্ট | - | - | | |
| ১১ | মিডওয়াইফ | ০১ | ০১ | ০০ | |
| ১২ | দাঁই নার্স | ০৩ | ০৩ | ০০ | |
| ১৩ | অফিস সহায়ক/পরিচ্ছন্নতা কর্মী আউট সোর্সিং কর্তৃক | - | ০৩ | - | |

০৫। পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি : সকলেই উপস্থিত ছিলেন।

০৬। পরিদর্শনকালে কোন Stockholder যদি মতামত/পরামর্শ করে থাকে তার সংক্ষিপ্ত বিবরণ : ২৪ ঘন্টা সেবা চালু রয়েছে। সেবার মান সন্তোষজনক। অধিকতর সেবা প্রদানের জন্য কেন্দ্রে রোগীদের প্যাথলজিক্যাল পরীক্ষা (আল্ট্রাসনোগ্রাফী, সিবিসি, আরবিএস, ব্লাডগ্রুপিং ইত্যাদি) ব্যাবস্থা থাকতে হবে।

০৭। আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরণ প্রযোজ্য ক্ষেত্রে : প্রযোজ্য নয়

০৮। প্রতিষ্ঠানের সার্বিক পরিবশ ও পরিচ্ছন্নতা : সন্তোষজনক

০৯। প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা : হাসপাতালটি ১০ শয্যা বিশিষ্ট। পরিচ্ছন্ন, কিন্তু ভবনটি পুরাতন। এটি পূণ: নির্মাণ করা গেলে রোগীদের সেবার পরিসর আরোও বৃদ্ধি পাবে।

১০। প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রের বাস্তব অবস্থা : পুরাতন

১১। **কোন সমস্যা/চাহিদা** : এই কেন্দ্রে দীর্ঘদিন যাবৎ মেডিকেল অফিসার (এ্যানেসথিসিয়া) পদে চিকিৎসক কর্মকর্তার পদ শূন্য ছিল। বর্তমানে এই পদে কর্মরত মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) অনেকদিন যাবৎ অসুস্থতা জনিত কারণে ছুটিতে আছেন। কেন্দ্রের সেবার মান অধিকতর বৃদ্ধির জন্য কনসালটেন্ট (গাইনী), কনসালটেন্ট (এ্যানেসথিসিয়া), কনসালটেন্ট (পেডিয়েট্রিক) পদ সৃষ্টির ব্যবস্থা করতে হবে। একই সাথে কেন্দ্রে রোগীদের প্যাথলজিক্যাল পরীক্ষা করার (আরবিএস, আল্টাসনোগ্রাফী, সিবিসি, ব্লাডগ্রুপিং ইত্যাদি) ব্যবস্থা থাকতে হবে।

১২। **সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ** : কেন্দ্র পরিদর্শনকালে কর্মরত সকলকে রোগীদের সাথে আন্তরিকভাবে সেবা প্রদান করতে দেখা গেছে। মেডিকেল অফিসার (ক্লিনিক) কেন্দ্রের আবাসিক ভবনে অবস্থান করেন। কেন্দ্রে কর্মরত পরিবার কল্যাণ পরিদর্শিকাগণকে রোগীদের ইডিডি তারিখ লক্ষ্য রেখে মোবাইল ফোনের মাধ্যমে গর্ভবতী মায়েদের খোঁজ নিতে দেখা গেলো। এছাড়াও কেন্দ্রে সেবা নিতে আসা উপস্থিত রোগীগণ সেবাকর্মীদের সেবায় সন্তোষ প্রকাশ করেন। এই কেন্দ্রে স্থানীয় ব্যবস্থাপনায় হসপিটাল ম্যানেজমেন্ট সিষ্টেম চালু থাকায় গর্ভবতী মায়েদের কাছে ম্যাসেজের মাধ্যমে আগাম বার্তা প্রেরণ কার্যক্রম চলমান রয়েছে। কেন্দ্রে EOC কার্যক্রম ও সার্বক্ষনিক ডেলিভারী সেবা চালু রয়েছে। এই কেন্দ্রে বিনামূলে এ্যাম্বুলেন্স সেবা প্রদানের জন্য হটলাইন নাম্বার চালু আছে। জেলার যে কোন প্রান্ত থেকে বিনামূল্যে এ্যাম্বুলেন্স দ্বারা প্রসুতি মায়েদের পরিবহনের সুব্যবস্থা রয়েছে। নিম্নস্বাক্ষরকারী উপস্থিত থাকাকালীন পাঁচবিবি উপজেলার বালিঘাটা FWC তে কর্মরত FWV তাৎক্ষনিকভাবে ফোন করে একটি গর্ভবতী মাকে ডেলিভারীর জন্য রেফার করে এবং সাথে সাথে MCWC-র এ্যাম্বুলেন্স যোগে রোগীকে কেন্দ্রে এনে প্রসব সেবা প্রদান করা হয়। মা ও শিশু দুইজনই সুস্থ আছেন। কেন্দ্রের পরিবেশ পরিচ্ছন্ন ও সুন্দর। এখানে একটি কিশোরী কর্ণার রয়েছে। সেই সাথে একটি মালটিপারপাস সেবা কক্ষ রয়েছে। যেখানে মেডিকেল অফিসার (ক্লিনিক) ডেলিভারীর পূর্বে গর্ভবতী মায়েদের স্বাভাবিক প্রসব এবং প্রসব পরবর্তী মা ও শিশুস্বাস্থ্য বিভিন্ন বিষয়ে অবহিত করেন। কেন্দ্রের অপরাপর শুন্য পদ পূরণ সহ পদ সৃষ্টির করা গেলে কেন্দ্রটি সেবা প্রদানের জন্য সমৃদ্ধ হওয়ার পাশাপাশি সেবার মান আরো বৃদ্ধি পাবে।

২৮.০৬.২০২৪

(এ, বি, এম, নুরুল আলম)
সহকারী সচিব
ফোন: ৫৫১০১১৬০
Email: population2@mefwd.gov.bd